গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
ফুলছড়ি, গাইবান্ধা।
www.dls.phulchari.gaibandha.gov.bd

স্মারক নং- ৩৩.০১.৩২২১.০০০.০১.০০২.২২- ২৪৪/১ তারিখ- ০৫/০৭/২০২৩ খ্রিঃ

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ইনোভেশন টিমের সভার নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ বাস্তবায়নের অংশ হিসেবে আগামী ০৯/০৭/২০২৩ খ্রি. তারিখ রোজ রবিবার উপজেলা প্রাণিসম্পদ অফিসার, ফুলছড়ি, গাইবান্ধা মহোদয়ের সভাপতিত্বে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ইনোভেশন টিমের সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সময়: দুপুর ১২.০০ ঘটিকা
স্থান: সম্মেলন কক্ষ, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, ফুলছড়ি, গাইবান্ধা ।

05.07.23
(ডা. জহিরুল ইসলাম)
উপজেলা প্রাণিসম্পদ অফিসার
ফুলছড়ি, গাইবান্ধা।
ই-মেইলঃ ulofulgai@gmail.com

প্রাপক,

-----------------------------------------------------------------------

-----------------------------------------------------------------------

উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
ফুলছড়ি, গাইবান্ধা।

বিতরণঃ
সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:
১. জেলা প্রাণিসম্পদ অফিসার, গাইবান্ধা।
২. দপ্তর অনুলিপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
ফুলছড়ি, গাইবান্ধা।
www.dls.phulchari.gaibandha.gov.bd

স্মারক নং- ৩৩.০১.৩২২১.০০০.০১.০০২.২২-২৪৫/১ তারিখ- ০৯/০৭/২০২৩ খ্রিঃ

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ খ্রি. এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ইনোভেশন টিমের সভার কার্যবিবরণীঃ

সভাপতি ও চীফ ইনোভেশন অফিসার: ডা. জহিরুল ইসলাম
উপজেলা প্রাণিসম্পদ অফিসার
ফুলছড়ি, গাইবান্ধা।
ফোকাল পয়েন্ট অফিসার (সদস্য সচিব): শ্রী রনজিৎ কুমার কর্মকার
এফ এ (এ/আই)
ফুলছড়ি, গাইবান্ধা।
তারিখঃ ০৯/০৭/২০২৩ খ্রি. সময়ঃ দুপুর ১২.০০ ঘটিকা।
স্থানঃ সম্মেলন কক্ষ, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, ফুলছড়ি, গাইবান্ধা।
উপস্থিতির স্বাক্ষরঃ পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমতি নিয়ে ফোকাল পয়েন্ট অফিসার আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। আলোচ্য বিষয়ের আলোকে সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত সমূহ |
|---|---|---|
| ০১ | **সেবা সহজীকরণ এর জন্য ইনোভেশনঃ** বর্তমানে অত্র উপজেলার বিভিন্ন ইউনিয়নে লাম্পি স্কিন ডিজিজ (এল এস ডি) দেখা দিয়েছে। রোগটি নতুন হওয়ায় জনগণের এ সম্পর্কে ধারনা না থাকায় তারা আতঙ্কিত হচ্ছেন পাশাপাশি রোগ প্রতিরোধে তারা যে ভূমিকা রাখতে পারেন সে ব্যাপারে তারা একেবারে অজ্ঞ। এমতবস্থায়, এ রোগ সম্পর্কে ধারনা প্রধানের জন্য দ্রুত উদ্যোগ নেওয়া প্রয়োজন। | বিস্তারিত আলোচনা ও সকলের মতামত গ্রহণ শেষে রোগটি সম্পর্কে জনগনকে সহজে প্রাথমিক ধারনা প্রদানের জন্য রোগের কারন, উৎপত্তি, বিস্তার, ধরন, লক্ষণ, প্রতিরোধে করনীয় ও প্রাথমিক চিকিৎসা সম্বলিত রঙ্গিন লিফলেট ছাপানোর সিদ্ধান্ত হয়। লিফলেট গুলো জনগণের মধ্যে বিতরণ ও বিভিন্ন জনবহুল স্থানে লাগানোর সিদ্ধান্ত হয়। পাশাপাশি এ ব্যাপারে বহুল প্রচারের জন্য বিভিন্ন স্থানে মাইকিং করারও সিদ্ধান্ত হয়। |
| ০২ | **উক্ত সেবা সহজীকরণ উদ্যোগের ফলোআপঃ** বর্ণিত সেবা সহজীকরণ উদ্যোগটি ঠিকমত বাস্তবায়িত হচ্ছে কি না তা মনিটরিং করা প্রয়োজন। | বর্ণিত সেবা সহজীকরণ উদ্যোগটি ঠিকমত বাস্তবায়িত হচ্ছে কি না তা মনিটরিং করার জন্য উক্ত ইনোভেশন কমিটির সকল সদস্য ও অত্র দপ্তরের অন্যান্য কর্মচারীগণ নিয়মিত ০১নং সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের জন্য নিবিড় ভাবে কাজ করবেন মর্মে সিদ্ধান্ত হয়। |

সভা শেষে সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

09.07.23

**(ডা. জহিরুল ইসলাম)**
উপজেলা প্রাণিসম্পদ অফিসার
ও
সভাপতি
ই-গভর্ন্যান্স ও ইনোভেশন বিষয়ক কমিটি
ফুলছড়ি, গাইবান্ধা।

**পরিশিষ্ট 'ক'**

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ খ্রি. এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ইনোভেশন টিমের সভার হাজিরাঃ

সভার স্থানঃ সম্মেলন কক্ষ, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, ফুলছড়ি, গাইবান্ধা।
তারিখঃ ০৯/০৭/২০২৩ খ্রি. সময়ঃ দুপুর ১২.০০ ঘটিকা।

| ক্রমিক নং | নাম ও পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | |
| ১ | জনাব এ এস এম আফতাব রহমানী<br>উপসহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা (প্রাণী স্বাস্থ্য) | সদস্য | [signature] | |
| ২ | শ্রী রনজিৎ কুমার কর্মকার<br>এফ এ (এ/আই) | ফোকাল পয়েন্ট | [signature] | |

# লাম্পি স্কিন ডিজিজ (LSD) সম্পর্কে অবহিত হউন ও প্রতিরোধ করুণ

লাম্পি স্কিন ডিজিজ ভাইরাস দ্বারা সৃষ্ট একটি সংক্রামক চর্মরোগ যা শুধুমাত্র গরু ও মহিষের হয়। এই রোগে গরু ও মহিষের চামড়ায় চাকাচাকা হয় যা দেখে সহজেই চেনা যায়। এ রোগে মানুষ আক্রান্ত হয় না। রোগের সুপ্তকাল ৪-১৪ দিন।
আক্রান্তের হার ১০-১২%, মৃত্যু হার প্রায় ১-২%।



ল্যাম্পি স্কিন ডিজিজে আক্রান্ত গরু

## রোগের লক্ষণ


- প্রথম পর্যায়ে আক্রান্ত প্রাণির জ্বর ১০৫ ফারেনহাইট পর্যন্ত হয়।
- ব্যথা হয় এবং খাবারে অরুচি দেখা যায়।
- শরীরের বিভিন্ন অংশ যেমন- পা, গলকম্বল ফুলে যায়।
- মুখ থেকে লালা হয় এবং গরু খুড়িয়ে হাঁটে।
- লিম্ফনোড ফুলে যায়, বুকে, ওলান ও শরীরে পানি জমা হয়।
- গর্ভপাত ঘটতে পারে।
- দূর্বলতা ও নিস্তেজ ভাব হয়।



মশা

## রোগটি কিভাবে ছড়ায় ?


- মশা, মাছি, আঠালী, মাইটের মাধ্যমে এ রোগটি দ্রুত এক প্রাণি হতে অন্য প্রাণিতে ছড়ায়।
- আক্রান্ত গরুর লালা, দুধ, চোখ বা নাকের নির্গত পানি মাধ্যমে ছড়ায়।
- পশু স্থানান্তরের মাধ্যমে এই রোগ ছাড়ায়।
- আক্রান্ত প্রাণি পরিচর্যাকারী, প্রাণি চিকিৎসক বা ভ্যাক্সিন প্রদানকারীর মাধ্যমেও রোগটি সুস্থ প্রাণিতে ছাড়াতে পারে।
- আক্রান্ত প্রাণিতে ব্যবহৃত সিরিঞ্জের মাধ্যমে এই রোগ ছড়ায়।



মাছি

## রোগ নিয়ন্ত্রণে পরামর্শ

- খামার/গোয়াল ঘর পরিস্কার পরিচ্ছন্ন রাখা ও স্বাস্থ্য বিধি মেনে চলা
- খামারে জীব নিরাপত্তা নিশ্চিত করা, কীটপতঙ্গ, মশা-মাছি, মাইট নিয়ন্ত্রণ করা
- খামারের আক্রান্ত প্রাণি দ্রুত অন্যত্র সরিয়ে নেয়া এবং মশারীর ভিতরে রেখে চিকিৎসা ব্যবস্থা নেয়া



আঠালি

## চিকিৎসা

- যেহেতু ভাইরাস দ্বারা এ রোগ সৃষ্টি হয় কাজেই কোন এন্টিবায়োটিক এ রোগে কোন কাজ করে না, উপরন্ত এন্টিবায়োটিক ব্যবহারের ফলে প্রাণি দূর্বল হয়ে পড়ে। তবে দ্বিতীয় পর্যায়ের জটিলতার জন্য ভেটেরিনারি চিকিৎসকের সাথে পরামর্শে এন্টিবায়োটিকসহ এন্টিহিস্টামিনিক ঔষধ ব্যবহার করতে হবে।
- আক্রান্ত প্রাণির ঘা/ক্ষতস্থানে টিংচার আয়োডিন, পভিসেভ অথবা পটাসিয়াম পার ম্যাঙ্গানেট দ্বারা সকাল -বিকাল ধৌত করা এবং ডাস্টিং পাউডার ব্যবহার করা।
- প্রাণি খাওয়া বন্ধ করলে স্যালাইন দিতে হবে।
- অন্যান্য পরিচর্যা নিয়মিত করতে হবে।

## সতর্কতা

ডাইক্লোফেনাক ও কিটোপ্রোফেন জাতীয় ঔষধ ব্যবহার করা যাবে না।

## প্রতিরোধ



ব্যবহৃত সিরিঞ্জ ও নিড্‌ল

- মশা, মাছি, আঁঠালি ও মাইট দমন করতে হবে।
- চিকিৎসার সময় নতুন সিরিঞ্জ ব্যবহার করতে হবে।
- খামার পরিস্কার রাখতে হবে ও জীবনিরাপত্তা ব্যবস্থা বজায় রাখতে হবে।

রোগটি দেখা দিলে তাৎক্ষণিকভাবে নিকটস্থ উপজেলা প্রাণিসম্পদ দপ্তর অথবা ভেটেরিনারি সার্জন এর সাথে যোগাযোগ করুন।

**উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল**
**ফুলছড়ি, গাইবান্ধা।**

মুদ্রণে: বাঁধন প্রিন্টিং প্রেস, গাইবান্ধা।
মুদ্রণ সংখ্যা: ৭৮০০ (২০২৩-২০২৪)